

সফটওয়্যার সংকট দ্রুত সমাধান করলো এয়ারবাস

- A Monitor Desk Report

Date: 02 December, 2025



ঢাকাঃ এ৩২০ সিরিজের প্রায় ৬ হাজার উড়োজাহাজকে গত মাসের শেষ দিকে জরুরি ভিত্তিতে সফটওয়্যার আপডেটের নির্দেশ দেয় এয়ারবাস।

মার্কিন কোম্পানি জেটব্লুর একটি ফ্লাইট হঠাৎ কম উচ্চতায় নেমে আসার পর সম্ভাব্য একটি সফটওয়্যার দুর্বলতা চিহ্নিত হয়। এরপর বিশ্বজুড়ে অপারেটরদের বাধ্যতামূলক সফটওয়্যার পরীক্ষার নির্দেশ দেয় এয়ারবাস। দ্রুত এ পদক্ষেপে আকাশ পরিষেবায় জট কমে আসে এবং বেশির ভাগ উড়োজাহাজ দ্রুতই সফটওয়্যারের পরিপূর্ণ সংস্করণে ফিরে যায়।

জেটব্লুও ১৫০ জেটের অধিকাংশই পুনরায় পরিষেবায় ফিরিয়েছে। এয়ারবাসের ইতিহাসে সবচেয়ে বড় জরুরি নিরাপত্তা ব্যবস্থা হিসেবে অভিহিত এ ঘটনার জন্য কোম্পানিটি দুঃখ প্রকাশ করেছে।

-B